AQA

SPECIMEN MATERIAL

# GCSE BENGALI

# H

## Higher Tier Paper 1 Listening Test Transcript

Specimen 2019 Morning Time allowed: 45 minutes
(including 5 minutes' reading time before the test)

**FOR INVIGILATOR'S USE ONLY**

**The pauses are pre-recorded for this test.**

**Advice**

This is what you should do for each item.

- After the question number is announced, there will be a pause to allow you to read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again, and then answer the questions.
- When the next question is about to start you will hear a bleep like this (*).
- You may write at any time during the test.
- In **Section A** answer the questions in **English**. In **Section B** answer the questions in **Bengali**.
- You must answer all the questions in the spaces provided. Do not write on blank pages.
- Write neatly and put down **all** the information you are asked to give.
- **You must not ask questions or interrupt during the test.**
- You now have five minutes to read through the question paper. You may make notes during this time. You may open your answer book now.
- **The test starts now.**

Once the recording has started, the Invigilator must not pause it **at any time** as all pauses, including the five minutes reading time, are pre-recorded.

**Section A** Questions and answers in **English**

| | | |
|---|---|---|
| **01** | **M2** | আমার প্রাইমারী স্কুলের সহপাঠীদের মধ্যে একজন ঘনিষ্ঠ বন্ধু ছিলো। বহুদিন হয় সে ইন্ডিয়া চলে গিয়েছে। হঠাৎ করে সেদিন তাকে টুইটারে পেয়ে গেলাম। এরপর থেকে প্রায়ই তার সাথে আমি কথাবার্তা চালিয়ে অবসর সময় কাটাই। |
| **02** | **F2** | আমার জন্মদিনে ছোটমামা আমাকে একটি আই-ফোন উপহার দিয়েছেন। এখন সময় কাটাবার জন্য এটাই আমি বেশী ব্যবহার করি। অন্যদের মতো টেক্সট না পাঠিয়ে কথা-বার্তা বলে আত্মীয়দের সঙ্গে যোগাযোগ রাখি আর নানা রকমের খেলাও খেলি। |
| **03** | **M 1** | অবসর সময়ে আমার কাজ হচ্ছে কারো বাড়িতে না গিয়ে বন্ধুবান্ধবদের সাথে নতুন নতুন খাবারের দোকানে যাওয়া। সেখানকার বিভিন্ন খাবারের স্বাদ নিতে আমার খুব ভালো লাগে। |
| **04** | **F 1** | আমার কথা আর বলো না! আমি তো সঙ্গীতের পোকা! যখন কোনো কারণে আমার মন খারাপ হয় কিংবা অবসর সময় পাই তখন আমার ঘরের দরজা বন্ধ করে আমি কম আওয়াজে গান শুনে মনটাকে হালকা করি। |
| **05** | **F 1** | আপনার নিজের সম্পর্কে কিছু বলবেন কি? |
| | **M 2** | আমি আগে যেখানে যেখানে কাজ করেছি সেখানে খুব সহজেই সবার সাথে ভালো সম্পর্ক গড়তে পেরেছি। তবে আমার সবচেয়ে বড়ো গুণ হলো, কাজ যতো কঠিনই হোক, তা করতে আমার অসুবিধা হয় না। আর কাজে আসতে কখনো দেরী করি না। |
| **06** | **F1** | এ চাকরির জন্য আপনি কেন নিজেকে উপযুক্ত মনে করেন? |
| | **M1** | কারণ এ ধরনের চাকরি আমি পাঁচ বছরেরও অধিক সময় ধরে করেছি। তাছাড়া বিভিন্ন ধরনের লোকজনের সঙ্গে ভিন্ন ভিন্ন দলে কাজ করার অভিজ্ঞতাও আমার আছে। ফলে এই চাকরির জন্য আমি নিজেকে যোগ্য মনে করি। |
| **07** | **F1** | আপনি কোন বিশেষ কারণে এ চাকরি করতে চান? |
| | **M2** | এ চাকরির জন্য অংক ও কম্পিউটার দক্ষতা থাকতে হবে বলে বলা হয়েছে। আর আমার উভয় বিষয়েই দক্ষতা রয়েছে। এ চাকরিতে বেতন বেশী বলে আমি আগ্রহী হলেও তার চেয়েও বড়ো সুবিধা হলো, অফিসটি আমার বাড়ির কাছে। |

08 M1 আজকাল সব যায়গাতেই ইন্টারনেটের সুবিধা রয়েছে। ফলে ছেলেমেয়েরা বই পড়া ও সামাজিকতা ছেড়ে দিয়ে এসব নিয়েই বেশী ব্যস্ত থাকে।

F1 রাতের টিভি অনুষ্ঠানগুলো ছেলেমেয়েদের দেখা উচিৎ নয়। কারণ এতে বড়দের জন্য অনেক কিছু থাকে যা ছোটদের উপযুক্ত নয়।

09 M1 রোজী, 'করিম উৎসব' তোমার কেমন লেগেছে?

F1 শিউলী, মৌসুমী, আমির অনেকেই সুন্দর গান গেয়েছিলো। কিন্তু শিল্পী আশিকের মধুর কণ্ঠের গানগুলো ছিলো সবচেয়ে বেশী উপভোগ করার মতো! তবে যিনি অনুষ্ঠান উপস্থাপনা করছিলেন তাকে মোটেও ভালো লাগেনি। কারণ, তিনি গুছিয়ে কথা বলতে পারেননি। তার চেয়েও বেশী বিরক্তিকর ছিলো তার অপ্রয়োজনীয় কথাবার্তা, যা অনুষ্ঠানের সৌন্দর্য নষ্ট করেছে।

10 F1 তোমার কী ভালো লাগলো, নাসির?

M1 অনুষ্ঠানটি করা হয়েছিলো মূলতঃ বাংলাদেশের গ্রাম এলাকায় যেসব ছেলেমেয়ে পয়সার অভাবে লেখাপড়ার খরচ চালাতে পারে না তাদেরকে সাহায্য করার জন্য। অনেক টাকাপয়সা উঠেছে! তাই কাজটি আমার খুব ভালো লেগেছে।

11 F2 সাপ্তাহিক ছুটির দিনে আমার ভাই ও আমার ভালো লাগে নানা-নানুর সঙ্গে তাঁদের এলোটমেন্টে যেতে। ঐ যায়গাটি তাঁরা ভাড়া নিয়েছেন শাকসব্জি আর ফল চাষ করার জন্য। সেখানে আমরা মাটি খুঁড়ি, আবর্জনা পরিষ্কার করি, শাকসব্জির বীজ ও চারা লাগাই এবং যত্ন নেই। ফল ও শাকসব্জি বেশী হলে সেগুলো প্রতিবেশীদেরকে বিলিয়ে দিই।

12 M 2 হ্যাঁ, তাতে নানা-নানুর শারীরিক অবস্থা যেমন ভালো থাকে, তেমনি মানসিকভাবেও তাঁরা আনন্দে থাকেন। শুধু তাদের নয়, আমাদেরও অনেক উপকার হয়। কারণ, আমার বোন চকলেট খেয়ে আর আমি মিষ্টি ও তেলজাতীয় খাবার খেয়ে মোটা হয়ে গিয়েছিলাম। এসব খাবার ছেড়ে দিয়ে নানা-নানুর সাথে হেঁটে চলাচল করায় আর জমিতে কাজ করায় আমাদের স্বাস্থ্য আগের চেয়ে এখন অনেক ভালো হয়েছে।

13 M1 মানুষ আজকাল আইফোন, টাবলেট ইত্যাদিতে খবরের কাগজ বা ডিজিটাল বই পড়ে। লীনা তুমি কি মনে করো, এসব ডিজিটাল বইয়ের কারণে একসময় কাগজে ছাপা বইয়ের আর কদর থাকবে না?

F1 তা ঠিক জানি না। তবে ইন্টারনেট সব যায়গাতেই থাকার কারণে খুব দ্রুত ও সহজেই এসব বই ডাউনলোড করা যায়। তাই বলে অবসর সময়ে নীরবে কোথাও বসে কাগজের বই পড়ার যে আনন্দ- তা মোটেও পাওয়া যায় না।

| | | |
|---|---|---|
| **14** | **M1** | এ ব্যাপারে তুমি কি মনে করো, মাহবুব? |
| | | ছাপা বই বা পত্রিকায় প্রতি মুহূর্তের খবরাখবর থাকে না, অথচ ইন্টারনেট প্রযুক্তির মাধ্যমে ঘটনার সঙ্গে সঙ্গে আমরা নানা তথ্য পেয়ে থাকি। কিন্তু দেশের বাইরে কোথাও বেড়াতে গেলে যেখানে বিদ্যুৎ থাকে না, সেখানে তো এসব যন্ত্রের পরিবর্তে কাগজে ছাপা বই বা পত্রিকাই একমাত্র উপায়। |
| **15** | **F 2** | আমরা আন্দামানের একটি দ্বীপে আমাদের এক ঘনিষ্ঠ আত্মীয়ের বাড়িতে বেড়াতে গিয়েছিলাম। পাঁচটি ছোট্ট গ্রাম নিয়ে এই দ্বীপ। এর চারপাশে ঢেউ খেলে সাগরের নীল জল আর বালিতে হেঁটে বেড়ায় কাঁকড়ার দল। সময় পেলেই আমরা তা দেখতে যেতাম আর চাচাতো ভাইবোনদের নিয়ে সমুদ্রের পাড়ে বালিতে ভলিবল খেলতাম। |
| **16** | **M2** | বিভিন্ন দেশের ভ্রমণকারীরা এ কোরাল দ্বীপ দেখতে আসেন। এখানকার রাস্তাঘাটে লোকজনের ভিড়ের সুযোগে কিছু খারাপ লোক বিদেশীদের টাকাপয়সা কিংবা মূল্যবান জিনিস চুরি করে নেয়। এমনকি বিদেশীদের কারণে স্থানীয় লোকেরা ফেরী ব্যবহার করার তেমন সুযোগ পায় না বলে খুব অসন্তুষ্ট। |
| **Example** | **M2** | কনজেশ্চন চার্জ চালু হওয়ার বড়ো সুবিধা হলো শহরগুলোতে গাড়ি ও যানবাহনের অতিরিক্ত চাপ অনেকাংশে কমে এসেছে। কিন্তু স্থানীয় লোকেরা কনজেশ্চন এলাকা এড়িয়ে চলেন বলে সরকারী খাতে তেমন পয়সা আসছে না। |
| **17** | **F1** | শুধু কি তাই! লোকজন নিজেদের গাড়ি নিয়ে সেখানে যেতে পারছে না বলে বড়ো বড়ো দোকান ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোর ব্যবসায় মারাত্মক ক্ষতিও হচ্ছে। |
| **18.1** | **F2** | তোমার বাবা-মা কীভাবে প্রথম পরিচিত হয়েছিলেন? |
| | **M2** | বাবা নতুন চাকরি নেওয়ার কয়েকদিন পরই তাঁর কলেজের প্রিন্সিপালের বাসায় একটি অনুষ্ঠানে গিয়েছিলেন। অতিথিদের আনন্দ দেয়ার জন্য একজন তরুণী চমৎকার গান গেয়েছিলেন। বাবা তার বেশ প্রশংসা করলেন। পরে প্রিন্সিপাল বাবার সঙ্গে তাঁর পরিচয় করে দিয়ে বললেন, “ও আমার মেয়ে”। একুশ বছর আগের সেই পরিচয় থেকে তিনি আমার মা হলেন। তাঁর গল্প কাউকে বলতে আমার ভালো লাগে। |
| **18.2** | **F2** | বিয়ের পর থেকে এখন পর্যন্ত তাঁরা সুখী? |
| | **M2** | হ্যাঁ! তাঁদের মধ্যে ছোটোখাটো ঝগড়া যদিও হয় তবুও তাঁরা যে কাজই করেন না কেন তা দু’জনে বসে পরামর্শ করে সিদ্ধান্ত নেন। ভিন্ন মত থাকলেও শেষ পর্যন্ত উভয়েই একমতে আসেন। মা ও বাবা - দু’জনেই একে অন্যের কথা শোনেন দেখে আমার খুব ভালো লাগে। তবে কেউই কারো নিজ মত, অন্যের উপর চাপিয়ে দেন না। এমনকি আজকাল কোনো কোনো আলোচনায় আমাদেরকেও ডাকেন। আমরা আবার কী পরামর্শ দেবো বলো! তবুও আমাদের জিজ্ঞেস করেন বলে খুব গর্ব বোধ করি। |

19.1 **M1** এই নতুন সুপার মার্কেটটি এখানে হওয়ায় তোমাদের কী কী সুবিধা হচ্ছে বলে মনে করো?

**F1** আগে কেনাকাটা করার জন্য আমাদের অনেক দূরে যেতে হতো। এখন এটি আমাদের বাড়ির খুব কাছাকাছি হওয়ায় কেনাকাটার জন্য আর দূরে যেতে হয় না। তারচেয়েও বড়ো সুবিধা হচ্ছে যে, এটি ২৪ ঘণ্টা খোলা থাকায় আমরা যে কোনো সময় কেনাকাটা করতে পারি। তাছাড়া কিছুদিনের মধ্যেই সুপারমার্কেটের নতুন পেট্রল স্টেশনটি চালু হতে যাচ্ছে। তখন সেখানে সস্তায় পেট্রল পাওয়া যাবে বলে ইতোমধ্যেই প্রচারপত্র ছাড়া হয়েছে।

19.2 **M2** এ এলাকা আগে বেশ নিরিবিলি ছিলো, এখন রাস্তায় অনেক গাড়ি ও লোকজনের ভিড় লেগেই থাকে।

**F2** তারচেয়েও বড়ো সমস্যা হচ্ছে, নতুন সুপারমার্কেটটির জন্য ছোটোখাটো বিভিন্ন দোকান বন্ধ হতে চলেছে। শুনেছি মার্কেটের পাশে খালি যায়গায় নতুন নতুন ঘর-বাড়ি নির্মাণ করা হবে। এমনটি হলে, মুক্ত আলো-বাতাস পাওয়ার মতো আর কোনো সুযোগ বা যায়গা আমাদের থাকবে না।

20 **F1** তোমার স্কুল জীবনের কোনো মজার ঘটনা আছে কি, জামান?

**M2** হ্যাঁ, মনে পড়ে, একদিন গণিতের লেসনে আমি ক্লাসের পিছনে জানালার কাছে বসা ছিলাম। মনোযোগের অভাবে আমার ঘুম ঘুম ভাব হচ্ছিলো। জানালার তাকে একটি ফুলগাছের টব ছিলো। আমি হেলে গেলেই গাছটি মাথায় লাগতো। তাই আমি গাছটি একটু সরাতে গেলাম আর শিক্ষক তা দেখে ফেললেন। তিনি বললেন,"জামান, গাছটিকে বিরক্ত করছো কেন!" আমি বললাম, "স্যার, আমি নয় বরং গাছটিই আমাকে বিরক্ত করছে।" শুনে আমার সহপাঠীদের সবাই জোরে হেসে উঠলো, সাথে সাথে শিক্ষকও। এতদিন পর সে শিক্ষকের নাম আর মনে নেই।

21 **M2** দীনা, তোমারও নিশ্চয় এমন কোনো ঘটনা আছে?

**F2** হ্যাঁ, আমার বয়স তখন ছয়। কয়েকদিন হয় মাত্র বাংলাদেশ থেকে এদেশে এসেছি। স্কুলে সেদিন প্রথম গেলাম। ইংরেজী তখন একটু একটু জানি মাত্র। শিক্ষক একটি ছবি দেখাতেই অন্যদের দেখাদেখি আমিও হাত উঠালাম। শিক্ষক আমার নাম বলতেই আমি বললাম, "বাঘ"! ক্লাসের সবাই তখন হেসে উঠলো। মিস অবাক হয়ে তাকালেন আমার দিকে। আমার সহপাঠী এক চাচাতো বোন পেছন থেকে আস্তে করে বললো, "বাঘ না, বলো টাইগার"। আমি তখন বুঝতে পারলাম, আমি বাংলায় উত্তর দিয়েছি।

**Section B** Questions and answers in **Bengali**

**22** **M1** লন্ডনে প্রতি বছর বৈশাখী মেলা পালন করা হয়। এখানে নানা ধরনের বাংলাদেশী খাবারের দোকানে লোকের ভিড় থাকে সবচেয়ে বেশী। তবে বাংলাদেশের মতো ইলিশ মাছ আর পান্তা ভাত বিক্রি হয় না। মেলার সবচেয়ে বড়ো আকর্ষণ হলো, বাংলা গানের আসর। শুধু স্থানীয় শিল্পী নয়, বাংলাদেশ থেকে আসা নামী-দামী শিল্পীরাও মেলায় গান গেয়ে থাকেন।

**23** **F1** আমি এবার গিয়েছিলাম কিন্তু আমার ততোটা ভালো লাগেনি। কারণ, গান-বাজনা খুব উচ্চস্বরে হচ্ছিলো যে, কেউ উপভোগ করতে পারছিলো না। গাড়ি পার্কিংয়ের ভালো ব্যবস্থা ছিলো না বলে লোকজনকে অনেক দূর থেকে হেঁটে আসতে হয়েছে। লোকজনের ভিড়ের মধ্যে ছোটো ছেলেমেয়েদেরকে নিয়ে ঘোরাঘুরি করা খুব কষ্টকর ছিলো।

**24** **F1** সজীব, বিয়ে সম্পর্কে তোমার কী মত?

**M1** আজকাল অনেক ছেলেমেয়েই আছে যারা একে অন্যকে ভালোবাসে। আমি মনে করি এমন কাউকে বিয়ে করার মধ্যে অন্যরকম আনন্দ রয়েছে। কিন্তু বাস্তবে অনেক সময়ই এমনটি হয়ে উঠে না। আমি তাই ভাবছি বাবা-মা যাকে পছন্দ করবেন, তাকেই আমি বিয়ে করবো।

**25** **M1** তুমি কী মনে করো, জয়া?

**F1** যদিও অনেকেই নিজে নিজে বিয়ে করার পক্ষে কিন্তু আমি মনে করি বাবা-মা ও আত্মীয়দের পছন্দ ও সহযোগিতায় যে বিয়ে হয়, তা হয় সবচেয়ে বেশী সুখের। স্বামী-স্ত্রীর সামান্য অমিলের কারণে এমন বিয়ে সহজেই ভেঙ্গে যায় না।

**26** **M1** এদের খেলা দেখে কি কারো মনে হবে, এরা পেশাদার খেলোয়াড় নয়? উঁচু-নীঁচু কাদামাখা জমিতে খেলেও যে তাদের কী আনন্দ, তা ভাষায় প্রকাশ করার মতো নয়!

**END OF TEST**

Copyright © 2016 AQA and its licensors. All rights reserved